

জেএসসি পরীক্ষা কেন্দ্র নির্ধারণ নিয়ে অনিয়ম ও স্বেচ্ছাচারিতা

● আমলে নেয়া হচ্ছে না শিক্ষকদের মতামত

নিম্ন বার্তা পরিবেশক

আসন্ন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার কেন্দ্র নির্ধারণ নিয়ে ব্যাপক অনিয়ম ও স্বেচ্ছাচারিতার অভিযোগ পাওয়া গেছে। স্কুলের অবকাঠামো অবস্থা, ছাত্রছাত্রীদের যাতায়াত সুবিধা ও শিক্ষকদের মতামত আমলে না দিয়ে এলোমেলোভাবে অপেক্ষাকৃত দূরের এলাকায় পরীক্ষার কেন্দ্র নির্ধারণ করা হয়েছে। রাজধানীর মগবাজার, ইস্টাটন ও সিংধেশ্বরী এলাকার ১০টি স্কুলেরই পরীক্ষা কেন্দ্র করা হয়েছে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যাড কলেজে। এ ১০টি স্কুল থেকে এবার জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ১ হাজার ১৯৭ জন ছাত্রছাত্রী। এত বেশি সংখ্যক পরীক্ষার্থীর জন্য আইডিয়াল স্কুল কর্তৃপক্ষকে বাড়তি চাপ সহ্য করতে হচ্ছে। এতে কর্তৃপক্ষও উদ্বিগ্ন। দূর থেকে এসে যথানুযায়ী পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়া নিয়েও শঙ্কিত অভিভাবকরা। মগবাজার, ইস্টাটন ও সিংধেশ্বরীতে পর্যাপ্ত অবকাঠামো সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান থাকলেও সেগুলোতে পরীক্ষা কেন্দ্র করা হয়নি। অভিভাবক ও পরীক্ষার্থীরা বলেন, মগবাজার এলাকায় অবকাঠামো সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান থাকতে এত দূরে কেন্দ্র নির্ধারণ করা হয়েছে তা বোধগম্য। তারা বলেন, ইস্টাটন ও মগবাজার রোডে সকাল থেকে রাত পর্যন্ত যানজট লেগে থাকে। ফলে এ সড়ক দিয়ে আইডিয়াল স্কুল অ্যাড কলেজ কেন্দ্রে পৌঁছতে পরীক্ষার্থীদের অনেক মৃদাযান সময় নষ্ট হবে।

পরীক্ষা : পৃষ্ঠা : ১৫ ক : ১

পরীক্ষা : কেন্দ্র

(১ম পৃষ্ঠার পর)

এ বিষয়ে জানতে চাইলে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যাড কলেজের সহকারী প্রধান শিক্ষক আবু জাফর গভকাল সংবাদকে বলেছেন, 'এবার শাব্বিনগরের শ্যাশনাল ব্যাংক পার্বণিক উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ কেন্দ্র গ্রহণে রাজি হয়নি। বেশ কয়েক বছর ধরে মগবাজার ইম্পাহানী বাসিকা উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষও কেন্দ্র গ্রহণে অনীহা দেখাচ্ছে। জানা যায়, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যাড কলেজ, টিঅ্যাডটি উচ্চ বিদ্যালয় এবং সেওনবাগিচা উচ্চ বিদ্যালয় এ তিনটি উপকেন্দ্রের সমন্বয় হচ্ছে আইডিয়াল স্কুল থেকে। কেন্দ্র নির্ধারণের জন্য আশপাশের এলাকায় অবস্থিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সভা গত ১৯ অক্টোবর আইডিয়াল স্কুল অ্যাড কলেজে আহ্বান করা হয়েছিল। কিন্তু ওই সভায় আসেননি মগবাজার ইম্পাহানী গার্লস স্কুলের প্রধান শিক্ষিকা। পরীক্ষার্থীদের যাতায়াত সুবিধা বিবেচনায় নিয়ে ওই স্কুলে কেন্দ্র করার জন্য প্রতিষ্ঠানের প্রধান শিক্ষিকার কাছে অনুরোধও করেছিলেন ঢাকার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) (শিক্ষা) মনোজ কুমার রায়। প্রধান শিক্ষিকা সেই অনুরোধ রাখেননি। মনোজ কুমার রায় মতিঝিল আইডিয়াল স্কুল অ্যাড কলেজসহ কয়েকটি পরীক্ষা কেন্দ্রের সভাপতি। আইডিয়ালেই ১০ প্রতিষ্ঠানের কেন্দ্র কলেজে যে ১০টি প্রতিষ্ঠানের কেন্দ্র পড়েছে, সেগুলো থেকে এবার জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ১ হাজার ১৯৭ জন ছাত্রছাত্রী। এর মধ্যে রমনার প্রভাতী উচ্চ বিদ্যালয়কেতনের পরীক্ষার্থী ৭২ জন, শাব্বিনগরের শের-ই-বাংলা উচ্চ বিদ্যালয়ের ২৫৪ জন ও নজরুল শিক্ষালয়ের ৬১ জন, রমনার ইম্পাহানী গার্লস উচ্চ বিদ্যালয়ের ৩৭ জন, শাব্বিনগরের শাহানুরী মডেল হাইস্কুলের ১৪৯ জন, ইম্পাহানী বাসিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের ১৭১ জন, সিংধেশ্বরী বালক উচ্চ বিদ্যালয়ের ৫২ জন, মগবাজারের টিঅ্যাডটি উচ্চ বিদ্যালয়ের ৭৭ জন, বিয়াম মডেল হাইস্কুল অ্যাড কলেজের ১১১ জন এবং খিলগাঁওয়ের বাগদাদ হায়দার মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের ২১০ জন পরীক্ষার্থী। অন্যদিকে আইডিয়াল স্কুল অ্যাড কলেজ থেকে এবার জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ১ হাজার ৪৬০ জন শিক্ষার্থী। এর মধ্যে ছেলে ৮৫০ এবং মেয়ে ৬১০ জন। এ স্কুলের ছেলের কেন্দ্র পড়েছে সেওনবাগিচা উচ্চ বিদ্যালয়ে এবং মেয়েদের কেন্দ্র পড়েছে মতিঝিল টিঅ্যাডটি উচ্চ বিদ্যালয়ে। আইডিয়াল স্কুল অ্যাড কলেজে ১০টি প্রতিষ্ঠানের কেন্দ্র নির্ধারণের বিষয়ে সহকারী প্রধান শিক্ষক আবু জাফর বলেন, 'বেশি প্রতিষ্ঠানের কেন্দ্র পড়ায় যাতায়াতেরই আমাদের বাড়তি চাপ সামলাতে হবে।